


ঢাবি অধ্যাপক ইমতিয়াজকে সব অ্যাকাডেমিক কার্যক্রম থেকে অব্যহতি

নিজস্ব প্রতিবেদক

১ মে ২০২৩ ০১:১৩ পিএম | আপডেট: ১ মে ২০২৩
০৭:৪০ পিএম

15
Shares



অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ। ফাইল ছবি

advertisement

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ের কোনো ধরনের অ্যাকাডেমিক কাজের সঙ্গে সম্পৃক্ত থাকতে পারবেন না বলে সিনিকেট সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

গতকাল রোববার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

advertisement

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ রচিত 'Historicizing 1971 Genocide: State versus Person (UPL. 2009)' শীর্ষক গ্রন্থে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে অবমাননা এবং মহান মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতির অভিযোগের বিষয় উদঘাটনের জন্য গঠিত কমিটির সুপারিশ উত্থাপন করা হয়।

সভা মনে করে, গ্রন্থে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে পরিবেশিত কতিপয় তথ্য অসত্য, বিপ্রান্তিকর ও ইতিহাসের বিকৃতি। সভায় উল্লিখিত গ্রন্থে অসত্য তথ্য পরিবেশন ও ইতিহাস বিকৃতির তীব্র নিন্দা জ্ঞাপন করা হয়।

advertisement

আরও পড়ুন: ঢাকায় বেড়াতে এসে ছিনতাইয়ের শিকার রাবি অধ্যাপক

গ্রন্থের লেখক অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ এবং প্রকাশক ইউপিএলকে গ্রন্থটি অবিলম্বে প্রত্যাহার করে নেওয়ার জন্য সভা থেকে আহ্বান জানানো হয়েছে। একই সঙ্গে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে অবমাননাকারী এবং মহান মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতির সঙ্গে জড়িত ও সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের প্রতি অনুরোধ জানানো হয়।

সিন্ডিকেট সভায় অন্যদের মধ্যে শিক্ষাসচিব এবং বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, ও উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল উপস্থিতি ছিলেন।

এর আগে ১১ এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর জেনোসাইড স্টাডিজের পরিচালক পদ থেকে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদকে অব্যাহতি দেওয়া হয়েছে। নতুন পরিচালকও নিয়োগ দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।